## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য অধিদফতর (পিআইডি)



সংবাদকক্ষ ৪ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail-pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী নম্বর: ৫৩

## ময়মনসিংহের মুক্তাগাছায় শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ফলক স্থাপন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

মুক্তাগাছা, শনিবার ২১ অক্টোবর ২০২৩ খ্রি.

ময়মনসিংহ জেলার মুক্তাগাছার নন্দিবাড়ি এলাকায় নির্মিয়মান শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ফলক শনিবার (২১ অক্টোবর) স্থাপন করেছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ। দেশের প্রতিটি উপজেলায় একটি স্টেডিয়াম নির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা অনুযায়ী উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় এ স্টেডিয়াম নির্মিত হচ্ছে। জাতীয় ক্রীড়া পরিষদ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এ প্রকল্প বাস্তবায়ন করছে।

প্রকল্পের আওতায় দেশের ৪৯০ উপজেলায় স্টেডিয়াম নির্মাণের কাজ প্রাথমিকভাবে শুরু করা হয়। এর অনেকগুলোর কাজ শেষ হয়েছে এবং অনেকগুলোর কাজ চলমান।

ফলক স্থাপনের আগে স্টেডিয়াম মাঠে এ উপলক্ষ্যে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন সংস্কৃতি প্রতিমন্ত্রী। তিনি বলেন, উপজেলা পর্যায়ে মুক্তাগাছা স্টেডিয়ামের মতো এরকম দৃষ্টিনন্দন একটি স্টেডিয়াম খুব কম জায়গাতেই আছে। অচিরেই মাননীয় প্রধানমন্ত্রী প্রথম পর্যায়ে দেশের প্রায় ২০০ শেখ রাসেল মিনি স্টেডিয়াম উদ্বোধন করবেন। উদ্বোধনের দিন মুক্তাগাছায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে বলেও এ সময় জানান তিনি।

প্রতিমন্ত্রী বলেন, দুর্গাপূজা যেন ভালোভাবে, উৎসাহ-উদ্দীপনার সাথে পালিত হয় সেজন্য সর্বস্তরের সার্বিক সহযোগিতা রয়েছে। তিনি বলেন, আসন্ন জাতীয় নির্বাচনে মুক্তাগাছায় আওয়ামী লীগকে জয়ী করতে মুক্তাগাছার প্রতিটি ওয়ার্ডে দলীয় নেতাকর্মীদের কাজ করতে হবে। সবাই মিলে কাজ করলে উপজেলার সবকটি ওয়ার্ডে আওয়ামীলীগ জয়লাভ করবে। তিনি আরও বলেন আওয়ামী লীগ ক্ষমতায় না এলে স্টেডিয়াম থাকবে না, অত্যাচারে জর্জরিত হতে হবে। তাই আওয়ামী লীগকে বিজয়ী করতে হবে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন মুক্তাগাছা উপজেলা নির্বাহী অফিসার এ কে এম লুংফর রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মুক্তাগাছা পৌরসভার মেয়র মোঃ বিল্লাল হোসেন সরকার, বাংলাদেশ আওয়ামী লীগ, মুক্তাগাছা উপজেলা শাখার সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আজিজুল হক ইনু, মুক্তাগাছা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আরব আলী এবং মহিলা ভাইস চেয়ারম্যান মুর্শিদা আক্তার কাকলী। অনুষ্ঠানে উপজেলার কর্মকর্তাগণ, স্থানীয় নেতৃবৃন্দ, সমর্থক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।